# আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | নুজহাত তাসনীম আওন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর। |
| তারিখ | ঃ | ২৯.০৮.২০২৪খ্রি. |
| সময় | ঃ | দুপুর ১১.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

শুরুতেই জুলাই-আগস্ট ২০২৪ এ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং আহতদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

অতঃপর জনাব নুজহাত তাসনীম আওন, উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৮ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৪৯৮ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ এর ধারা ১৩ঘ প্রয়োগ করে সকল চেয়ারম্যান, উপজেলা পরিষদকে উপজেলা পরিষদের স্ব স্ব পদ থেকে অপসারণ করায় এবং একই মন্ত্রণালয়ের ১৮ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৪৯৯ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ এর ধারা ১৩ঙ এর উপধারা (১) প্রয়োগ করে উপজেলা নির্বাহী অফিসারগণকে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব হিসেবে স্ব স্ব উপজেলা পরিষদের প্রশাসক পদে নিয়োগ প্রদান করা হয়েছে। সেই সাথে একই মন্ত্রণালয়ের ১৯ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৫০০ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ এর ধারা ১৩ঘ প্রয়োগ করে সকল ভাইস চেয়ারম্যান ও সকল মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে উপজেলা পরিষদের স্ব স্ব পদ থেকে অপসারণ করা হয়েছে। সেপ্রেক্ষিতে অদ্যকার সভায় জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরের সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়।

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভার শুরুতে দেশের এই ক্রান্তি লগ্নে সকলকে সতর্কতার সাথে নিজ নিজ দাপ্তরিক কাজ পরিচালনা করার জন্য অনুরোধ করেন। এ সভায় উপস্থাপনের জন্য জরুরী বিষয় থাকলে তা উপস্থাপনের জন্যও অনুরোধ করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জুলাই ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জুলাই ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জুলাই ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ প্রশাসক, উপজেলা পরিষদ বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৪.৭.৯৮.১(৪৪) তারিখঃ ০২.০৯.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।

০৪ প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৫. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬. উপজেলা...........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

০৭. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

০৮. জনাব ............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

02/09/24

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

**আলোচ্য সূচিঃ ০৩** **সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**
আলোচ্য সময়ে সরকারি দায়িত্ব পালন সম্পর্কিত জারীকৃত পরিপত্রসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

০১. **বিভাগীয় আলোচনাঃ**

বিভাগীয় পর্যায়ের আলোচনায় তেমন কোন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা না থাকায় এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলায় বিস্তারিত আলোচনা করা হলো না। দেশের এ ক্রান্তিলগ্নে দায়িত্ব পালন সংক্রান্ত যে কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিকভাবে জানানোর জন্য অনুরোধ করা হয়। নিজ নিজ দপ্তরের কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য উপস্থিত সবাইকে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর অনুরোধ করেন। এ সময় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

** স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরসহ অন্যান্য দপ্তরের প্রকল্পভূক্ত নির্মাণাধীন/অসমাপ্ত কাজসমূহ দ্রুত সমাপ্ত করার জন্য অনুরোধ করা হয়।

** সকলকে রাজনৈতিক প্রভাবমুক্ত হয়ে দায়িত্ব পালন করতে হবে।

** সেবাপ্রার্থীদের কোনরুপ হয়রানী করা যাবে না। তাদের সমস্যা/অভিযোগের শুনানী নিয়ে যথাযথ প্রতিকার করতে হবে।

০২. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**জুলাই/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসের সম্মানী ভাতা, বাসা ভাড়া ও জুন ২০২৪ মাসরে ভ্রমণ ভাতা প্রদান। | =৫১,২৫০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান (মহিলা) এবং ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসের সম্মানী ভাতা ও জুন ২০২৪ মাসের ভ্রমণ ভাতা প্রদান। (৩৩,৫০০+৩২,০০০=৬৫,৫০০/-) | =৫১,৩০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর জুলাই/২০২৪ মাসের ৩০দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৬,৫০০+১৬,৫০০=৩৩,০০০/-) | =২৯,৭০০/- |
| ০৪ | জুলাই/২০২৪ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | জুলাই/২০২৪আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | জুলাই/২০২৪ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =৯২,৯৬২/- |
| ০৭ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে জুলাই/২০২৪ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৮ | বিজ্ঞপ্তি নং-০৯/২০২৩-২০২৪ এর ২টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকার বিল অবিনিময়ে চেকের মাধ্যমে পরিশোধ বাবদ প্রদান (ভ্যাট ও আয়করসহ) | ৩২,০১৬/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আবারও সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৮/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd